

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা-১২১২।

নং-ডিজিএইচএস/অডিট/৬এ-১৪৮/২০২৩/৪৫৭/৮

তারিখ: ১৫/০৯/২০২৩ খ্রিঃ।

পরিচালক (স্বাস্থ্য),  
পরিচালক স্বাস্থ্য এর দপ্তর,  
ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/রংপুর/ময়মনসিংহ/সিলেট/বরিশাল/খুলনা।

বিষয়: Audit Management and monitoring System-2.0( AMMS-2.0) এর ব্যবহার বিষয়ক অনলাইন প্রশিক্ষণ প্রদান প্রসংগে।

সূত্র: স্মারক নং -৮২.১৭.০০০০.৬২৫.৬৮.০০২.২৩.১২৮৬ তারিখ: ১১/০৯/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় এবং সূত্র স্মারকের নির্দেশানুযায়ী অডিট সংশ্লিষ্ট কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে বাংলাদেশের কম্পিউটার এন্ড অডিটর জেনারেল (সি.এজি) এর কার্যালয় কর্তৃক অডিট ম্যানেজমেন্ট এন্ড মনিটরিং সিস্টেম (এ এমএমএস-২.০) নামে একটি ওয়েবভিত্তিক সফটওয়্যার উন্নয়নের কাজ বাস্তবায়ন করা হচ্ছে যার ব্যবহারের মাধ্যমে (ক) অডিট প্রতিষ্ঠান এবং অডিট অধিদপ্তরসমূহের মধ্যে আপত্তির জবাব প্রদান সহ অডিট সংশ্লিষ্ট বিষয়ে সকল ধরনের পএ যোগাযোগ সহজতর ও ব্যয় সাশ্রয়ী হবে (খ) অডিট প্রতিষ্ঠান সহজে অডিট আপত্তির হাল নাগাদ অবস্থা জানতে পারবে এবং আপত্তির বিষয়ে দ্রুততার সাথে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবে (গ) অডিট আপত্তি সংক্রান্ত প্রতিবেদন সিস্টেম থেকে নির্ভুলভাবে প্রণয়ন করে উদ্ধতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন সহজতর হবে।

উপর্যুক্ত সুবিধাসমূহ প্রাপ্তির লক্ষ্যে এ এমএমএস-২.০ এর ব্যবহারের ওপর আপনার কার্যালয় ও এর অধীনস্থ কার্যালয় সমূহ (জেলা ও উপজেলা কার্যালয়) এর প্রতিনিধিদেরকে নিম্নে বর্ণিত তারিখ ও সময়ে প্রতিদিন দুটি ব্যাচে অনলাইন প্ল্যাটফর্মে বিভাগ ভিত্তিক স্বাস্থ্য অডিট অধিদপ্তর কর্তৃক প্রশিক্ষণ প্রদান করা হবে। এ লক্ষ্যে উল্লিখিত তারিখ ও সময়ে অনলাইন প্ল্যাটফর্মে তাঁহার কার্যালয় ও অধীনস্থ কার্যালয়ের সকল প্রতিনিধিদেরকে প্রশিক্ষণে অংশগ্রহণের নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সময়সূচী:

ক্রমিক নং	বিভাগের নাম	তারিখ	সময়কাল	মন্তব্য
১।	ঢাকা	১৮/০৯/২০২৩ ইং	সকাল ১০.০০- ১২ ঘটিকা	জুম আইডি ০ঃ৯২৪২৩১৩১২৭৬ পাসওয়ার্ডঃ ২৯৫২৪৯
২।	রাজশাহী	১৮/০৯/২০২৩ ইং	দুপুর ২.০০-বিকাল ৪.০০ ঘটিকা	
৩।	রংপুর	১৯/০৯/২০২৩ ইং	সকাল ১০.০০- ১২ ঘটিকা	
৪।	চট্টগ্রাম	১৯/০৯/২০২৩ ইং	দুপুর ২.০০-বিকাল ৪.০০ ঘটিকা	
৫।	ময়মনসিংহ	২০/০৯/২০২৩ ইং	সকাল ১০.০০- ১২ ঘটিকা	
৬।	সিলেট	২০/০৯/২০২৩ ইং	দুপুর ২.০০-বিকাল ৪.০০ ঘটিকা	
৭।	বরিশাল	২১/০৯/২০২৩ ইং	সকাল ১০.০০- ১২ ঘটিকা	
৮।	খুলনা	২১/০৯/২০২৩ ইং	দুপুর ২.০০-বিকাল ৪.০০ ঘটিকা	

ইহাতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

(ডাঃ ফরিদ ইয়াসমিন)  
পরিচালক (অর্থ)  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।  
তারিখ: ১৪/০৮/২০২৩ খ্রিঃ।

নং-ডিজিএইচএস/অডিট/৬এ- ১৪৮/২০২৩/ ৪৫৭/৮/১(৬০২)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো। ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: যুগ্ম সচিব (আঃ ব্যঃ অডিট)
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা, ১২১২। (দৃঃ আঃ-সহকারী পরিচালক, সমন্বয়)।
- ৩। মহাপরিচালক, স্বাস্থ্য অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (৪র্থ তলা) সেগুনবাগিচা, ঢাকা -১০০০। (দৃঃ আঃ- পরিচালক)।
- ৪। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত ইনস্টিটিউট হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল, (সকল)।
- ৫। লাইন ডাইরেক্টর, স্বাস্থ্য অধিদপ্তর, (সকল)।
- ৬। উপ-পরিচালক/সহকারী পরিচালক, জেলা পথাইয়ের সকল হাসপাতাল।
- ৭। সহকারী পরিচালক (এম আই এস) সংশ্লিষ্ট আদেশটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৮। সিভিল সার্জন, (সকল)।
- ৯। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, (সকল)।

(স্বাক্ষর)  
১৫/০৯/২৩  
সহকারী পরিচালক (অডিট/নিঃনিঃ)  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।